



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৩

তারিখ: ১৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৩খ্রি.

ভর্তি নিশ্চায়ন বিষয়ক বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেস্টাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমের সরকারি প্রতিষ্ঠানসমূহে ১ম পর্যায়ের আবেদনের ফলাফল ০১/০১/২০২৩ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকায় প্রকাশিত হবে। শুধুমাত্র নির্বাচিত শিক্ষার্থীদের মোবাইলে এসএমএস প্রদান করা হবে এবং সকল শিক্ষার্থী www.btebadmission.gov.bd ওয়েবসাইটে প্রবেশের পর VIEW RESULT বাটনে ক্লিক করে রোল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি ইনপুট দিয়ে ফলাফল দেখতে পাবে। ১ম পর্যায়ের নির্বাচিত শিক্ষার্থীদের ০২/০১/২০২৩ হতে ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে নিম্নে সংযুক্ত নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। ১ম পর্যায়ের আবেদন ও প্রকাশিত ফলাফলের আওতায় ভর্তি হতে চাইলে আবশ্যিকভাবে বর্ণিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অনন্যায় ১ম পর্যায়ের Selection এবং ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের অটোমাইগ্রেশন ডিফল্টভাবে খোলা থাকবে এবং পছন্দক্রম অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে আবেদনের উপরের ক্রমিক নম্বরে যাওয়ার সুযোগ থাকবে। এক্ষেত্রে যতবার অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ করা হবে, তার পূর্বে ততবার অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেশন খোলা থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠানে অটোমাইগ্রেশন হবে সেখানেই অধ্যয়ন করতে হবে। তবে শিক্ষার্থী চাইলে/পছন্দের টেকনোলজি বা পছন্দের প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেলে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। ভর্তি ও নিশ্চায়ন বিষয়ক বিস্তারিত তথ্যাদি www.bteb.gov.bd ও www.btebadmission.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তি নিতিমালা-২০২২ অনুসারে কার্য সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শিক্ষাক্রমভিত্তিক নিশ্চায়ন ফি:

ক্রম	শিক্ষাক্রম	নিশ্চায়ন ফি	মন্তব্য
০১	ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং	৩৮৫	নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক নিশ্চায়ন ফি প্রদান করলে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন সম্পন্ন হবে এবং নিশ্চায়ন ফি প্রদান করলে মোবাইলে মেসেজ যাবে। নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির তারিখ ২৬/০১/২০২৩খ্রি. হতে ০২/০২/২০২৩খ্রি. পর্যন্ত।
০২	ডিপ্লোমা-ইন-টেস্টাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক	২৩৮	

বিশেষ দৃষ্টব্য:

১. ১ম পর্যায়ের নির্বাচিত যে সকল শিক্ষার্থী ০২/০১/২০২৩ হতে ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করবে না সে সকল শিক্ষার্থীর ১ম পর্যায়ের Selection এবং ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে। এসকল শিক্ষার্থীসহ ইতোপূর্বে আবেদন করেনি এমন শিক্ষার্থীরাও বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফিসহ ২য় পর্যায়ে আবেদন করতে পারবে।

সংযুক্তি: নিশ্চায়ন ফি প্রদান পদ্ধতি-০৭ (সাত) পৃষ্ঠা।

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৩ (৬)

তারিখ: ০১/০১/২০২৩ খ্রি.

অনুিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বন্য অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিচালক (আইটিসি)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। নথি।

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ডোক:)।

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।